উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# ০৫ নং দুলাই মডেল ইউনিয়ন পরিষদ কার্যালয়

পোঃ দুলাই, উপজেলাঃ সুজানগর, পাবনা।

ফোনঃ ০১৭২৪১৩৮০৭২.০১৩১৭৪৮৮৭৬০. **Email:**dulaiup2021@gmail.com

স্মারক ঃ ৪৬.৪৩.৭৬৮৩.১৯.১৩.০০১.২০২২- তারিখ ঃ ০৫/০৯/২০২২ খ্রিস্টাব্দ

## দুলাই মডেল ইউনিয়ন পরিষদের সেপ্টেম্বর/২০২২ মাসের সাধারণ সভার কার্য বিবরণী :

সভাপতি : জনাব মোঃ সিরাজুল ইসলাম শাহ্জাহান,
চেয়ারম্যান,
০৫ নং দুলাই মডেল ইউপি,
সুজানগর,পাবনা।

তারিখ ঃ ০৯/০৯/২০২২ ইং সময় : সকাল ১১.০০ঘটিকা সভার স্থান ঃ ইউপি কমপ্লেক্স ভবন মিলনায়তন।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ ঃ উপস্থিত সদস্যবৃন্দ তালিকা (পরিশিষ্ট ক )

সভার আলোচ্যসুচি নিম্নরুপঃ-

১। কাবিটা প্রকল্প গ্রহন প্রসঙ্গে।
২। কাবিখা প্রকল্প গ্রহন প্রসঙ্গে।
৩। টিআর প্রকল্প গ্রহন প্রসঙ্গে।
৪। গ্রাম আদালত পরিচালনা প্রসঙ্গে।
৫। সাব-মার্সেবল টিউবয়েল উপকারভোগী নির্বাচন প্রসঙ্গে।
৬। বিবিধ

আলোচনা ও সিদ্ধান্ত সমূহ নিম্নরূপ ঃ

<table>
<tr><th>ক্র:</th><th>আলোচ্য বিষয় ও আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>দায়িত্বপ্রাপ্ত সংস্থা/ ব্যক্তি</th></tr>
<tr><td>০১</td><td>বিগত সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদন :<br>সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে আন্তরিক শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। এরপর তিনি বিগত সভার কার্য বিবরণী পাঠ করে শোনান । এতে কিছু সংশোধন থাকায় তাহা সর্ব সম্মত ভাবে গৃহিত হয়নি। এরপর সভাপতি মহোদয় সকলকে আলোচ্য বিষয় সমূহ সম্পর্কে আলোচনায় অংশ নেওয়ার জন্য অনুরোধ জানান।</td><td>উক্ত প্রস্তাব সর্বসম্মতি ক্রমে গৃহিত হয়নি।</td><td>জনাব মোঃ সিরাজুল ইসলাম শাহ্জাহান, চেয়ারম্যান, ০৫ নং দুলাই মডেল ইউপি,সুজানগর,পাবনা।</td></tr>
<tr><td>০২</td><td>কাবিটা প্রকল্প গ্রহন প্রসঙ্গে।<br>সভায় সভাপতি সাহেব জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরের গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিটা) নগদ সাধারন ১ম পর্যায় কর্মসুচীর আওতায় উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা শাখা হতে প্রকল্প বাবদ মোট ৪,০০,৪১২/- টাকার অনুকুলে একখানা পত্র পাওয়া গিয়েছে। উক্ত বরাদ্দের বিপরীতে প্রকল্প গ্রহন করার জন্য সকল সদস্যদের আলোচনা করতে বলেন। সকল আলোচনা ও পর্যালোচনা করে নিম্ন লিখিত প্রকল্পগুলি গ্রহন করা হইল।
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>প্রকল্পের নাম</th><th>বরাদ্দ</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>০১</td><td>দুলাই বিশ্বরোড় হতে বাধ পর্যন্ত রাস্তা নিমান।</td><td>২০০০০০</td><td></td></tr>
<tr><td>০২</td><td>শান্তিপুর ইন্তাজ হাজীর বাড়ী হতে ছোরহাব খুলুর বাড়ী পর্যন্ত রাস্তা নিমান।</td><td>২০০৪১২</td><td></td></tr>
</table></td><td>উক্ত প্রস্তাব সর্বসম্মতি ক্রমে গৃহিত হয়।</td><td>জনাব মোঃ সিরাজুল ইসলাম শাহ্জাহান, চেয়ারম্যান, ০৫ নং দুলাই মডেল ইউপি,সুজানগর,পাবনা।</td></tr>
</table>

<table>
<tr><td></td><td>প্রকল্পগুলো বাস্তবায়ন করার লক্ষে সকল সদস্যদের বিভিন্ন দিক নির্দেশনা প্রদান করেন। প্রকল্পগুলো অনুমোদনের জন্য দ্রুত উর্ধতন কর্তৃপক্ষের নিকট প্রেরনের জন্য সভাপতি সাহেব কে অনুরোধ জানান ।</td><td></td><td></td></tr>
<tr><td>০৩</td><td>কাবিখা প্রকল্প গ্রহন প্রসঙ্গে।<br>সভায় সভাপতি সাহেব জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরের গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা) নগদ সাধারন ১ম পর্যায় কর্মসুচীর আওতায় উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা শাখা হতে প্রকল্প বাবদ মোট চাউল-২.৭৩৬ মেঃটন ও গম ২.৭৬৩ মেঃটন/- টাকার অনুকুলে একখানা পত্র পাওয়া গিয়েছে। উক্ত বরাদ্দের বিপরীতে প্রকল্প গ্রহন করার জন্য সকল সদস্যদের আলোচনা করতে বলেন। সকল আলোচনা ও পর্যালোচনা করে এই সিদ্ধান্তে উপনিত হওয়া গেল যে যেহেতু একটি প্রকল্পের বরাদ্দ সর্বনিম্ন ৮ মেঃটন চাউল বা গম হতে হবে তাই উক্ত বরদ্দের কোন প্রকল্প গ্রহন করা সম্ভব হলো না।</td><td>উক্ত প্রস্তাব সর্বসম্মতি ক্রমে গৃহিত হয়নি।</td><td>জনাব মোঃ সিরাজুল ইসলাম শাহ্জাহান, চেয়ারম্যান, ০৫ নং দুলাই মডেল ইউপি,সুজানগর, পাবনা।</td></tr>
<tr><td>০৪</td><td>টিআর প্রকল্প গ্রহন প্রসঙ্গে।<br>সভায় সভাপতি সাহেব জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরের গ্রামীন অবকাঠামো সংস্কার (টিআর) নগদ সাধারন ১ম পর্যায় কর্মসুচীর আওতায় উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা শাখা হতে প্রকল্প বাবদ মোট ২,৯৫,৯৪৩/- টাকার অনুকুলে একখানা পত্র পাওয়া গিয়েছে। উক্ত বরাদ্দের বিপরীতে প্রকল্প গ্রহন করার জন্য সকল সদস্যদের আলোচনা করতে বলেন। সকল আলোচনা ও পর্যালোচনা করে নিম্ন লিখিত প্রকল্পগুলি গ্রহন করা হইল।
<table>
<tr><th>ক্রঃ</th><th>প্রকল্পের নাম</th><th>বরাদ্দ</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>০১</td><td>নতুনপাড়া জামে মসজিদ উন্নয়ন</td><td>৫০,০০০/-</td><td></td></tr>
<tr><td>০২</td><td>জোড়পুকুরিয়া দুর্গা মন্দির উন্নয়ন</td><td>৯৫,৯৪৩/-</td><td></td></tr>
<tr><td>০৩</td><td>চরদুলাই পাকা রাস্তা হতে মিঠন সিকদারের বাড়ী পর্যন্ত রাস্তা নিমান।</td><td>৫০,০০০/-</td><td></td></tr>
<tr><td>০৪</td><td>নতুনপাড়া ও জোড়পুকুরিয়া যুব সংঘ ক্লাবে ২টি নলকুপ স্থাপন।</td><td>৫০,০০০/-</td><td></td></tr>
<tr><td>০৫</td><td>আন্ধারকোটা দক্ষিনপাড়া রিয়াজুল জান্নাত জামে মসজিদ উন্নয়ন।</td><td>৫০,০০০/-</td><td></td></tr>
</table>
প্রকল্পগুলো বাস্তবায়ন করার লক্ষে সকল সদস্যদের বিভিন্ন দিক নির্দেশনা প্রদান করেন। প্রকল্পগুলো অনুমোদনের জন্য দ্রুত উর্ধতন কর্তৃপক্ষের নিকট প্রেরনের জন্য সভাপতি সাহেব কে অনুরোধ জানান ।</td><td>উক্ত প্রস্তাব সর্বসম্মতি ক্রমে গৃহিত হয়নি।</td><td>জনাব মোঃ সিরাজুল ইসলাম শাহ্জাহান, চেয়ারম্যান, ০৫ নং দুলাই মডেল ইউপি,সুজানগর, পাবনা।</td></tr>
<tr><td>০৫</td><td>গ্রাম আদালত পরিচালনা প্রসঙ্গো।<br>সভাপতি মহোদয় সভায় জানান যে, ইউনিয়ন পরিষদের অর্ন্তগত যে সকল মামলার আর্থিকমুল্য ৭৫০০০/- টাকার সমমুল্যের সকল মামলা গ্রাম আদালতের এখতিয়ার। তাই পরিষদে যেন প্রতি সপ্তাহে নিয়মিত গ্রাম আদালত পরিচারনা করতে পারি যে জন্য আপনাদের সকলে সাহায্য দরকার। আর গ্রাম আদালত আইন বই সকল সদস্যদের পড়ার প্রতি জোড় দাবি জানান। তাই কোন ওয়ার্ডের ছোট খাটো সমস্যা হলে থানায় না পাঠিয়ে গ্রাম আদালতে পাঠানোর দাগিত দিতে হবে তাহলে জনগন সহজ শর্তে অল্প খরচে সঠিক বিচার পাবে।<br>গ্রামআদালত বিষয় এলাকাবাসিকে সচেতন করার জন্য ইউপি সদস্য ও গ্রামপুলিশকে নির্দেশনা দেওয়ার সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>উক্ত প্রস্তাব সর্বসম্মতি ক্রমে গৃহিত হয়।</td><td>জনাব মোঃ সিরাজুল ইসলাম শাহ্জাহান, চেয়ারম্যান, ০৫ নং দুলাই মডেল ইউপি,সুজানগর, পাবনা।</td></tr>
</table>

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন। এবং উক্ত সভার কার্য বিবরণীর কপি সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণের জন্য সচিব সাহেবকে অনুরোধ জানান।

০৫-০৯-২০২২

(মোঃ সিরাজুল ইসলাম শাহজাহান)
সভাপতি
ইউপি মাসিক সভা
০৫নং দুলাই মডেল ইউনিয়ন পরিষদ
সুজানগর ,পাবনা।

জনাব ......................................
ইউপি সদস্য, ....... নং ওয়ার্ড (সকল)